


বার্ষিক প্রতিবেদন

২০১৪-২০১৫

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর

১৪, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি, কাকরাইল, ঢাকা ১০০০

www.dphe.gov.bd




মুখবন্ধ


সরকারী কর্মকাণ্ডে স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠা এবং জনগণের ক্ষমতায়ন নিশ্চিত করার লক্ষ্যে তথ্য অধিকার আইন ও এতদসংক্রান্ত প্রবিধানমালা অনুসারে তথ্য কমিশন ও স্থানীয় সরকার বিভাগ কর্তৃক সকল অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন প্রকাশের ব্যাপারে নীতিগত সিদ্ধান্ত গৃহীত হয়। সে আলোকে স্থানীয় সরকার বিভাগের একটি গুরুত্বপূর্ণ সংস্থা হিসেবে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর বার্ষিক প্রতিবেদন প্রকাশের উদ্যোগ গ্রহণ করেছে। এ কার্যক্রমের ধারাবাহিকতায় ২০১৪-১৫ অর্থ বছরের কার্যাবলীর বার্ষিক প্রতিবেদন প্রণয়ন করা হয়েছে।

নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন (পয়ঃনিষ্কাশন, নর্দমা ও কঠিন বর্জ্য নিষ্কাশন) ব্যবস্থাপনার ক্ষেত্রে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। সরকারের নির্বাচনী ইশতেহার অনুযায়ী দেশের সকল মানুষকে নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন সুবিধার আওতায় আনার ক্ষেত্রে উল্লেখযোগ্য অগ্রগতি অর্জিত হয়েছে। এ প্রতিবেদনে সংক্ষেপে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের বিভিন্ন সার্কেল ও বিভাগের কর্মপরিধি এবং জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক গৃহীত বিভিন্ন প্রকল্পের অগ্রগতি তুলে ধরা হয়েছে। এছাড়া পানি সরবরাহের ক্ষেত্রে বিভিন্ন নীতিমালা এই প্রতিবেদনে অন্তর্ভুক্ত করা হয়েছে। এর মাধ্যমে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক ২০১৪-১৫ অর্থ বছরে সম্পাদিত গুরুত্বপূর্ণ কাজ সম্পর্কে সম্যক ধারণা লাভ করা সম্ভব হবে। পাশাপাশি জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের গঠন, কাঠামো, কর্মপরিধি ও কর্ম বিন্যাস সম্পর্কে স্বচ্ছ ধারণা পাওয়া যাবে। বার্ষিক প্রতিবেদনটি রেফারেন্স হিসেবেও মূল্যবান ভূমিকা রাখবে বলে আশা করি।

এ প্রতিবেদন প্রণয়নের সঙ্গে সম্পৃক্ত সকল কর্মকর্তা ও কর্মচারীগণকে আন্তরিক ধন্যবাদ জানাই।



(খালেদা আহসান)
প্রধান প্রকৌশলী



সূচিপত্র

ক্রমিক নং	বিষয়	পৃষ্ঠা
১.০	জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের পরিচিতি	
১.১	পরিচিতি ও পটভূমি	১
১.২	লক্ষ্য ও উদ্দেশ্য	১
১.৩	কর্মপরিধি (Mandate)	১
১.৪	উল্লেখযোগ্য ঘটনাবলী	২
১.৫	সংস্থার প্রধান কার্যক্রম	৩
১.৬	নাগরিক সনদ	৪
১.৭	নাগরিক সেবার তথ্য সারণি	৫ - ৮
২.০	জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের সাংগঠনিক কাঠামো ও বিন্যাস	
২.১	সাংগঠনিক কাঠামো ও জনবল	৯
২.২	অধিক্ষেত্র এলাকা (Area of Jurisdiction)	৯ - ১০
২.৩	সাংগঠনিক কাঠামো (Organogram)	১১
২.৪	জনবল	১৪ - ১৪
২.৫	পদ সৃষ্টি ও নিয়োগ	১৪
৩.০	জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের কর্মকাণ্ড	
৩.১	২০১৪-১৫ অর্থবছরে চলমান প্রকল্পের তালিকা	১৫
৪.০	জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের কর্মকর্তা, কর্মচারীদের দায় দায়িত্ব	
৪.১	প্রধান প্রকৌশলী	১৬
৪.২	অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পরিকল্পনা)	১৭
৪.২.১	তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা সার্কেল)	১৭
৪.২.১.১	নির্বাহী প্রকৌশলী (পরিকল্পনা বিভাগ)	১৭

	নির্বাহী প্রকৌশলী (প্রোগ্রাম এন্ড কোঅরডিনেশন বিভাগ)	১৮
৪.২.১.৩	প্রোগ্রামার (ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম ইউনিট)	১৮
৪.২.২	তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ভান্ডার সার্কেল)	১৮
৪.২.২.১	নির্বাহী প্রকৌশলী (ভান্ডার বিভাগ)	১৯
৪.২.৩	তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ফিজিবিলিটি স্টাডি এন্ড ডিজাইন সার্কেল)	১৯
৪.২.৩.১	নির্বাহী প্রকৌশলী (ডিজাইন বিভাগ)	২০
৪.২.৩.২	নির্বাহী প্রকৌশলী (সার্ভে ইনভেস্টিগেশন এন্ড রিসার্চ বিভাগ)	২০
৪.৩	অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পানি সম্পদ)	২১
৪.৩.১	তত্ত্বাবধায়ক প্রকৌশলী (গ্রাউন্ড ওয়াটার সার্কেল)	২১
৪.৩.১.১	নির্বাহী প্রকৌশলী (বৈদ্যুতিক ও যান্ত্রিক বিভাগ)	২২
৪.৩.১.২	নির্বাহী প্রকৌশলী (গ্রাউন্ড ওয়াটার বিভাগ)	২২
৪.৩.১.৩	নির্বাহী প্রকৌশলী (আর্সেনিক ম্যানেজমেন্ট বিভাগ)	২৩
৪.৩.২	তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ওয়াটার কোয়ালিটি মনিটরিং এন্ড সার্ভিল্যান্স সার্কেল)	২৩
৪.৪	অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পূর্ত)	২৩
৪.৪.১	তত্ত্বাবধায়ক প্রকৌশলী (মাঠ পর্যায়ের সার্কেল)	২৪
৪.৪.১.১	নির্বাহী প্রকৌশলী (জেলা পর্যায়)	২৪
	৪.৪.১.১.১ সহকারী প্রকৌশলী (উপজেলা পর্যায়)	২৫
৫.০	জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের কর্মকান্ড পরিচালনাকারী নীতিমালা	
৫.১	নীতিমালা	২৭
৫.২	ম্যানুয়াল	২৭ - ২৯
৫.৩	নির্দেশিকা	২৯
৬.০	জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের আর্থিক তথ্য	
৬.১	বাজেট	৩০ - ৩১
৬.২	আর্থিক কার্যক্রম নিরীক্ষা	৩২
৭.০	জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের চলমান প্রকল্পের তথ্য ও অগ্রগতি	
৭.১	চলমান প্রকল্প সংক্রান্ত তথ্যাদি	৩৩ - ৩৫

৮.০	তথ্য প্রাপ্তি ও আপিল সংক্রান্ত তথ্য	
৮.১	তথ্য প্রাপ্তির জন্য আবেদন ফরম	৩৬
৮.২	তথ্য প্রাপ্তি সংক্রান্ত তথ্য	৩৬
৮.৩	তথ্য প্রদান ইউনিটের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা	৩৬
৮.৪	আপিল আবেদনের জন্য আবেদন ফরম	৩৬
৮.৫	আপিল আবেদনের তথ্য	৩৬
৮.৬	জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের তথ্য	৩৭
৮.৭	তথ্য প্রদান ইউনিটের আপিল কর্তৃপক্ষ	৩৭
৮.৮	বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি বাস্তবায়ন তথ্য	৩৭
৮.৯	বিভাগীয় মামলা সংক্রান্ত তথ্য	৩৭
৮.১০	ই-ডাউনলোড	৩৮
	পরিশিষ্ট	

১.০ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের পরিচিতি

১.১ পরিচিতি ও পটভূমি

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর স্থানীয় সরকার বিভাগের আওতাধীন একটি গুরুত্বপূর্ণ সংস্থা। নিরাপদ পানি সরবরাহের মাধ্যমে জনস্বাস্থ্য উন্নয়নের দায়িত্ব অর্পণ করে ১৯৩৫ সালে প্রতিষ্ঠা করা হয় জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (ডিপিএইচই)। পরবর্তীতে ১৯৪৫ সালে এর সাথে যুক্ত করা হয় স্যানিটেশন সেবা প্রদানের দায়িত্ব। ১৯৭১ সালে বাংলাদেশের স্বাধীনতা লাভের অব্যবহিত পরে সরকার প্রথমেই ঋৎসপ্রাপ্ত পানি সরবরাহ ও স্যানিটেশন পদ্ধতিগুলোর পুনর্বাসনের গুরুত্বারোপ এবং তদপরবর্তীতে নতুন অবকাঠামো স্থাপন শুরু করে ডিপিএইচই'র মাধ্যমে। একই ধারাবাহিকতায় বর্তমানে ওয়াসার আওতাধীন এলাকা ব্যতীত সমগ্র দেশের নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থা নির্মাণ ও ব্যবস্থাপনার দায়িত্ব এ অধিদপ্তরের উপর ন্যস্ত। জনসাধারণের স্বাস্থ্য সুরক্ষায় নিরাপদ পানি ও স্যানিটেশন অত্যন্ত গুরুত্বপূর্ণ অবদান রাখে। জনগণের নিকট নিরাপদ পানি ও স্যানিটেশন সুবিধা পৌঁছানোর লক্ষ্যে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর নিরলস কাজ করে যাচ্ছে। এরই ফলশ্রুতিতে বাংলাদেশ নিরাপদ পানি ও স্যানিটেশন কভারেজের দিক দিয়ে সমগ্র দক্ষিণ এশিয়ায় অন্যতম শীর্ষ স্থান দখল করে আছে। পল্লী এলাকার বিভিন্ন ধরনের নিরাপদ পানির উৎস (টিউবওয়েল) ও স্যানিটারী ল্যাট্রিন স্থাপনাগুলোর রক্ষণাবেক্ষণ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এর প্রধান দায়িত্ব। তাছাড়া অত্র অধিদপ্তর পল্লী পানি সরবরাহ ও স্যানিটেশন অবকাঠামো নির্মানোত্তোর রক্ষণাবেক্ষণে ইউনিয়ন পরিষদকে WATSAN কমিটির মাধ্যমে কারিগরী সহায়তা প্রদান, স্বাস্থ্য পরিচর্যা জোরদারকরণ এবং পারিপার্শ্বিক পরিবেশের উন্নয়নে প্রয়োজনীয় সহায়তা প্রদান করে থাকে। দ্রুত নগরায়নের ফলে পৌর পানি সরবরাহ ও স্যানিটেশন চাহিদা উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। এ চাহিদা পূরণে অত্র দপ্তর পৌরসভা সমূহের পানি সরবরাহ ও স্যানিটেশন অবকাঠামো নির্মাণ সহ কারিগরী সহায়তার আওতায় পরিকল্পনা প্রণয়ণ ও প্রাতিষ্ঠানিক উন্নয়নে সহায়তা করছে। এছাড়া বন্যা, সাইক্লোন, মহামারী ইত্যাদির কারনে সৃষ্ট জরুরী পরিস্থিতিতে নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থা সচল রাখার লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম বাস্তবায়ন করে আসছে।

১.২ লক্ষ্য ও উদ্দেশ্য:

- সকল নাগরিকের জন্য নিরাপদ পানি ও স্যানিটেশন সংক্রান্ত মৌলিক সুবিধা প্রাপ্তির ব্যবস্থাকরণ।
- নিরাপদ পানি ব্যবহার ও স্যানিটেশন বিষয়ে মানুষের অভ্যাসগত আচরণে পরিবর্তন আনয়ন।

সরকারের অংগীকার অনুযায়ী বর্তমান উদ্দেশ্য

- প্রতিটি বাড়িকে স্বাস্থ্যসম্মত স্যানিটেশন ব্যবস্থার আওতায় আনা।
- দেশের সকল মানুষের জন্য নিরাপদ সুপেয় পানির ব্যবস্থা করা।

১.৩ কর্মপরিধি (Mandate):

- ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা ও নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এবং কদমরসুল পৌরসভা যেখানে ওয়াসার কাজ করছে সেসব এলাকা ব্যতীত সমগ্র দেশের পল্লী ও শহরাঞ্চলে (সিটি কর্পোরেশন, পৌরসভা, উপজেলা সদর এবং গ্রোথ সেন্টার) নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন (পয়ঃনিষ্কাশন, নর্দমা ও কঠিন বর্জ্য নিষ্কাশন) ব্যবস্থাপনা।
- নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন সংক্রান্ত নীতি নির্ধারণ ও কর্মপদ্ধতি নিরূপণে সরকারকে পরামর্শমূলক সহযোগিতা (Advisory Support) প্রদান।

- স্থানীয় সরকার বিভাগের বিভিন্ন প্রতিষ্ঠানকে পানি সরবরাহ ও স্যানিটেশন সংক্রান্ত উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ কাজে সহযোগিতা করা

১.৪ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর- উল্লেখযোগ্য ঘটনাবলীঃ

- ১৯২৪ - পিএইচই (বেঙ্গল) হিসেবে যাত্রা শুরু করে। এর প্রধান কাজ ছিল পাইপড ওয়াটার সাপ্লাই।
- ১৯৩৬ - হ্যান্ড টিউবওয়েল (HTW) প্রজেক্ট শুরু।
- ১৯৪১ - এয়ার রেইড প্রিকশন টিউবওয়েলস (HTW) প্রজেক্ট শুরু।
- ১৯৪৫ - দ্বিতীয় বিশ্ব যুদ্ধ পরবর্তী টিউবওয়েল প্রজেক্ট।
- ১৯৪৭ - পিএইচই (পূর্ব পাকিস্তান) হিসেবে কার্যক্রম শুরু করে।
- ১৯৪৭ - ঢাকা, চট্টগ্রাম ও অন্যান্য শহরে পাইপড ওয়াটার সাপ্লাই।
- গ্রামীণ এলাকায় হ্যান্ড টিউবওয়েল (HTW) প্রোগ্রাম চালু।
- ঢাকা শহরের জন্য পয়ঃনিষ্কাশন (Sewrage System) চালু।
- ১৯৫৮ - ঢাকা শহরের জন্য Storm Water Drainage চালু।
- ১৯৬৩ - ঢাকা এবং চট্টগ্রাম ওয়াসার জন্মলাভ।
- উপকূলীয় লবণাক্ত এলাকায় গভীর নলকূপ (Deep Tubewell) চালু এবং Deep Set Pump প্রযুক্তি চালু।
- ১৯৬৪ - হ্যান্ড টিউবওয়েল প্রোগ্রাম।
- বুরাল স্যানিটেশনের উপর পাইলট প্রোজেক্ট হাতে নেয়া হয়।
- ১৯৭২ - যুদ্ধ পরবর্তী গ্রামীণ পানি সরবরাহের দায়িত্ব ডিপিএইচই কে প্রদান।
- ইউনিসেফ (UNICEF) এর সহায়তায় গ্রামীণ পানি সরবরাহের ক্ষেত্রে বড় রকমের প্রকল্প হাতে নেয়া হয়।
- জেলা শহরের জন্য পাইপড ওয়াটার সাপ্লাই প্রকল্প শুরু করা হয়।
- ১৯৭৩ - পানি দূষণ প্রতিরোধ সেল (Water Pollution Control Cell) গঠন।
- ১৯৭৮ - ইউনিসেফ (UNICEF) এর সহায়তায় গ্রামীণ পয়ঃনিষ্কাশনের ক্ষেত্রে বড় রকমের প্রকল্প হাতে নেয়া হয়।
- ১৯৮০ - বিভাগীয় শহরে পাইপড ওয়াটার সাপ্লাই কার্যক্রম শুরু।
- ১৯৮৩ - উপজেলা হেড কোয়ার্টারে পানি সরবরাহ কার্যক্রম।
- ১৯৯৩ - নতুন ৪২ টি জেলায় নির্বাহী প্রকৌশলীর পদ সৃষ্টি।
- ১৯৯৩ - পানির গুণগতমান নিশ্চিতকরণের লক্ষ্যে জোনাল ল্যাবরেটরি প্রতিষ্ঠিত হয়।
- ১৯৯৬ - বাংলাদেশের ভূ-পৃষ্ঠস্থ ও ভূ-গর্ভস্থ পানির গুণগত মানের পূর্ণাঙ্গ ডাটা বেইজ তৈরির লক্ষ্যে কম্পিউটার বিভাগের যাত্রা শুরু হয়।
- ২০০৯ - উপজেলা পর্যায়ে সহকারী প্রকৌশলীর পদ সৃষ্টি করা হয়।
- ২০১৪ - জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরে বাংলাদেশের প্রথম নারী প্রধান প্রকৌশলী হিসেবে দায়িত্ব ভার গ্রহণ করেন।

১.৫ সংস্থার প্রধান কার্যক্রম:

- ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা ও নারায়ণগঞ্জ শহর ব্যতীত সমগ্র দেশের পল্লী ও শহরাঞ্চলে (সিটি কর্পোরেশন, পৌরসভা, উপজেলা সদর এবং গ্রোথ সেন্টার) নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন (পয়ঃনিষ্কাশন, নর্দমা ও কঠিন বর্জ্য নিষ্কাশন) ব্যবস্থা সম্প্রসারণ ও উন্নয়নে **Government Lead Agency** হিসাবে দায়িত্ব পালন;
- পল্লী এলাকায় ইউনিয়ন পরিষদের সহায়তায় পানি সরবরাহ ও স্যানিটেশন কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন ;
- শহরাঞ্চলে সিটি কর্পোরেশন/ পৌরসভার সহায়তায় পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার অবকাঠামো নির্মাণ, উন্নয়ন, সম্প্রসারণ ও কারিগরি সহায়তা প্রদান;
- পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার পরিচালনা ও রক্ষণাবেক্ষণে দক্ষতা উন্নয়নের লক্ষ্যে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহকে (ইউনিয়ন পরিষদ, পৌরসভা ও সিটি কর্পোরেশন) কারিগরি সহায়তা প্রদান;
- প্রাকৃতিক দুর্যোগকালীন (বন্যা, ঘূর্ণিঝড় ইত্যাদি) সময়ে জরুরী ভিত্তিতে পানি সরবরাহ ও স্যানিটেশন সুবিধার ব্যবস্থা করা ;
- পানি সরবরাহ ও স্যানিটেশন সেক্টরে মানব সম্পদ উন্নয়নের মাধ্যমে প্রয়োজনীয় দক্ষ জনবল গড়ে তোলা;
- সমগ্র দেশের খাবার পানির গুণগত মান পরীক্ষা, পরিবীক্ষণ ও পর্যবেক্ষণ;
- ভূ-গর্ভস্থ ও ভূপৃষ্ঠস্থ নিরাপদ পানির উৎস অনুসন্ধান;
- নিরাপদ পানি ও স্বাস্থ্যসম্মত পায়খানা ব্যবহার ও এনভায়রনমেন্টাল স্যানিটেশন সংক্রান্ত স্বাস্থ্যবিধি পালন সম্পর্কে জনগণকে উদ্বুদ্ধকরণ;
- আর্সেনিক আক্রান্ত ও অন্যান্য সমস্যাংকুল এলাকায় (লেবণাক্ত, পাথুরে, পাহাড়ি ইত্যাদি) নতুন লাগসই প্রযুক্তি উদ্ভাবনের মাধ্যমে নিরাপদ পানি সরবরাহের ব্যবস্থা গ্রহণ;
- পানি সরবরাহ ও এনভায়রনমেন্টাল স্যানিটেশন ব্যবস্থার উন্নয়নে স্বল্প ব্যয়ে লাগসই প্রযুক্তি অনুসন্ধান, গবেষণা ও উন্নয়ন;
- তথ্য কেন্দ্র স্থাপনের মাধ্যমে পানি সরবরাহ ও স্যানিটেশন সেক্টরের তথ্য ব্যবস্থাপনা সমৃদ্ধকরণ ও আধুনিকীকরণ;
- স্থানীয় সরকার, বেসরকারি উদ্যোক্তা, বেসরকারি সংস্থা এবং **Community Based Organization (CBO)** সমূহকে পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থা উন্নয়নে কারিগরি পরামর্শ প্রদান, তথ্য সরবরাহ, প্রশিক্ষণ প্রদান ও
- নিরাপদ খাবার পানি নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় প্রতিরোধমূলক কার্যক্রম গ্রহণে পর্যায়ক্রমে দেশের সকল পানি সরবরাহ ব্যবস্থায় ওয়াটার সেফটি প্লান (WSP) বাস্তবায়ন।

১.৬ নাগরিক সনদ (Citizen Charter):

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ওয়াসার আওতাভুক্ত এলাকা ব্যতীত সমগ্র দেশের পল্লী ও শহরাঞ্চলে নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থা সম্প্রসারণ ও উন্নয়নে সরকারিভাবে দায়িত্বপ্রাপ্ত প্রতিষ্ঠান হিসেবে বাংলাদেশের জনগণকে সেবা প্রদান করে থাকে।

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক প্রদত্ত সেবাসমূহ:

- ১। পল্লী ও পৌর এলাকায় নিরাপদ পানি সরবরাহ ও পরিবেশগত স্যানিটেশন ব্যবস্থার উন্নয়নে অবকাঠামো নির্মাণ করা।
- ২। একটি কেন্দ্রীয় ও ১৩টি আঞ্চলিক ল্যাবরেটরির মাধ্যমে খাবার পানির গুণগত মান পরীক্ষা, পরিবীক্ষণ ও পর্যবেক্ষণ করা সহ তদপরবর্তী পরামর্শ প্রদান করা।
- ৩। নিরাপদ পানি সরবরাহ ও পরিবেশগত স্যানিটেশন সংক্রান্ত স্বাস্থ্যবিধি পালন সম্পর্কে জনগণকে উদ্বুদ্ধকরণ ও বিভিন্ন প্রশিক্ষণ ম্যানুয়াল (Manual) প্রণয়নের পাশাপাশি জনগণকে প্রশিক্ষণ প্রদান করা।
- ৪। প্রাকৃতিক দুর্যোগকালীন সময়ে জরুরী ভিত্তিতে পানি সরবরাহ, স্যানিটেশনের ব্যবস্থা করা ও বিভিন্ন পর্যায়ের দুর্যোগ কমিটিকে সহযোগিতা প্রদান করা।
- ৫। পানির উৎস স্থাপন ও মেরামত সংক্রান্ত খুচরা যন্ত্রাংশ এবং স্যানিটারি ল্যাট্রিনের রিং-স্ল্যাব সরবরাহ ও স্থাপন কাজে জনগণকে সহায়তা প্রদান করা।
- ৬। নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার উন্নয়নের লক্ষ্যে স্থানীয় সরকার প্রতিষ্ঠান, এনজিও ও সর্বসাধারণকে কারিগরি সহায়তা প্রদান করা।

নাগরিক সেবার তথ্য সারণি (Citizen Charter):

ক্রমিক নং	সেবাসমূহ/সেবার নাম	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারীর নাম	সেবা প্রদানের পদ্ধতি	সেবা প্রদানের সময়সীমা	সেবা প্রাপ্তির প্রয়োজনীয় ফি	নির্দিষ্ট সেবা প্রদানে ব্যর্থ হলে প্রতিকারের বিধান
০১	নিরাপদ পানির উৎস স্থাপন ও অবকাঠামো নির্মাণ (পল্লী এলাকায়)	সংশ্লিষ্ট উপজেলার সহকারী প্রকৌশলী/ উপ-সহকারী প্রকৌশলী	উপজেলা ওয়াটসান (WATSAN) কমিটি কর্তৃক অনুমোদিত তালিকা অনুযায়ী সহায়ক চাঁদা প্রাপ্তি সাপেক্ষে সরকারী বরাদ্দ মোতাবেক চূড়ান্ত তালিকা কার্যাদেশ প্রাপ্ত ঠিকাদারের নিকট সরবরাহ। সরবরাহকৃত তালিকা অনুযায়ী মালামাল সরবরাহ সহ নলকূপ স্থাপন ও অবকাঠামো নির্মাণ।	ওয়াটসান কমিটি কর্তৃক অনুমোদনের পর ৪৫ কর্ম দিবস	উপকার ভোগী কর্তৃক প্রদত্ত সহায়ক চাঁদা অগতির নলকূপ=১০০০/- তার নলকূপ=১৫০০/- রিং-ওয়েল=২০০০/ গভীর নলকূপ=৪৫০০/- পিএসএফ =৩০০০/- ভিএসএসটি/এসএসটি =২৫০০/-	জেলা পর্যায়ে নির্বাহী প্রকৌশলীর নিকট লিখিত অভিযোগ।
	নিরাপদ পানির উৎস স্থাপন ও অবকাঠামো নির্মাণ (শহরে এলাকায়)	সংশ্লিষ্ট উপজেলার সহকারী প্রকৌশলী	পৌর মেয়র কর্তৃক অনুমোদিত তালিকা সহ সহায়ক চাঁদা প্রাপ্তি সাপেক্ষে সরকারী বরাদ্দ মোতাবেক চূড়ান্ত তালিকা কার্যাদেশ প্রাপ্ত ঠিকাদারের নিকট সরবরাহ। সরবরাহকৃত তালিকা অনুযায়ী মালামাল সরবরাহ সহ নলকূপ স্থাপন ও অবকাঠামো নির্মাণ।	১০ কর্ম দিবসের মধ্যে	বিনামূল্যে (মূল্য ধার্যকরণ প্রক্রিয়াধীন)	জেলা পর্যায়ে নির্বাহী প্রকৌশলীর নিকট লিখিত অভিযোগ।
০২	পানির গুণগত মান পরীক্ষা (ফিল্ড টেস্ট কিটের মাধ্যমে) উপজেলা কার্যালয় হতে প্রদান করা হয়।	সংশ্লিষ্ট উপজেলার সহকারী প্রকৌশলী/ উপ-সহকারী প্রকৌশলী	আবেদন পত্র প্রাপ্তির পর ফিল্ড টেস্ট কিট থাকা সাপেক্ষে উপ সহকারী প্রকৌশলী/নলকূপ মেকানিক কর্তৃক সরেজমিন পরিদর্শনপূর্বক নলকূপ পরীক্ষা করণ ও প্রতিবেদন প্রদান।			

ক্রমিক নং	সেবাসমূহ/সেবার নাম	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারীর নাম	সেবা প্রদানের পদ্ধতি	সেবা প্রদানের সময়সীমা	সেবা প্রাপ্তির প্রয়োজনীয় ফি	নির্দিষ্ট সেবা প্রদানে ব্যর্থ হলে প্রতিকারের বিধান
০৩	পানির গুণগত মান পরীক্ষা (আঞ্চলিক পানি পরীক্ষাগারে)	সিনিয়র কেমিস্ট	দেশব্যাপী ১৩টি জেলায় অবস্থিত আঞ্চলিক ল্যাবরেটরিতে নির্ধারিত ফি সহ আবেদন পত্র প্রাপ্তির পর নলকূপের পানি পরীক্ষা করণ ও সরাসরি প্রতিবেদন প্রদান	১০ কর্ম দিবসের মধ্যে	আর্সেনিক-৪৫০/ আয়রন-৪৫০/ ক্রোমাইড-২৫০/ (অন্যান্য পরীক্ষার ফি সংযুক্ত)।	পরিচালক, কেন্দ্রীয় পানি পরীক্ষাগার, মহাখালী, ঢাকা এর নিকট লিখিত অভিযোগ।
০৪	রিং স্ল্যাব বিনামূল্যে বিতরণ/কমিউনি টি ল্যাট্রিন স্থাপন	সংশ্লিষ্ট উপজেলার সহকারী প্রকৌশলী/উপ সহ: প্রকৌশলী	বরাদ্দ সাপেক্ষে পৌরসভা/ ইউনিয়ন পরিষদের মাধ্যমে প্রাপ্ত তালিকা মোতাবেক হত দরিদ্রদের মাঝে স্যানিটেশন সামগ্রী বিনামূল্যে বিতরণ/ অনুমোদিত তালিকা মোতাবেক কমিউনিটি ল্যাট্রিন স্থাপন।	প্রাপ্ত বরাদ্দ মোতাবেক	দরিদ্রদের মধ্যে বিনামূল্যে বিতরণ/স্থাপন	জেলা পর্যায়ে নির্বাহী প্রকৌশলীর নিকট লিখিত অভিযোগ।
০৫	নলকূপের খুচরা যন্ত্রাংশ/ল্যাট্রিনের রিং স্ল্যাব সরবরাহ	অফিস সহকারী (সিসিটি)	উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অফিসে সরকার নির্ধারিত মূল্যে নলকূপের খুচরা যন্ত্রাংশ/ রিং স্ল্যাব সরবরাহ করা হয়।	প্রয়োজনীয় মজুদ সাপেক্ষে সার্বক্ষণিক	রিং স্ল্যাব ও নলকূপের খুচরা যন্ত্রাংশের অনুমোদিত মূল্য তালিকা প্রতিটি অফিসে সংরক্ষিত আছে।	উপজেলা সহকারী প্রকৌশলী / উপ সহ: প্রকৌশলী এর নিকট লিখিত অভিযোগ করতে হবে।
০৬	উদ্বুদ্ধকরণ	সংশ্লিষ্ট উপজেলার সহকারী প্রকৌশলী/উপ সহকারী প্রকৌশলী/নলকূপ মেকানিক	সংশ্লিষ্ট জনসাধারণকে নিরাপদ পানি, স্বাস্থ্য সম্মত পায়খানার ব্যবহার ও এনভায়রনমেন্টাল স্যানিটেশন সংক্রান্ত স্বাস্থ্য বিধি পালন সম্পর্কে জনগণকে উদ্বুদ্ধকরণ।	বাৎসরিক কর্মপরিকল্পনা অনুযায়ী	বিনামূল্যে	জেলা পর্যায়ে নির্বাহী প্রকৌশলীর নিকট লিখিত অভিযোগ।

ক্রমিক নং	সেবাসমূহ/সেবার নাম	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারীর নাম	সেবা প্রদানের পদ্ধতি	সেবা প্রদানের সময়সীমা	সেবা প্রাপ্তির প্রয়োজনীয় ফি	নির্দিষ্ট সেবা প্রদানে ব্যর্থ হলে প্রতিকারের বিধান
০৭	সরকারী নলকূপ সমূহের তত্ত্বাবধায়কগণ কে প্রশিক্ষণ প্রদান ও রেঞ্জ সরবরাহ	সংশ্লিষ্ট উপজেলার সহকারী প্রকৌশলী/উ প সহ: প্রকৌশলী	নলকূপ স্থাপন কাজ সমাপ্তির পর সরকারী নলকূপ সমূহের তত্ত্বাবধায়কগণকে নলকূপ মেরামত সম্পর্কে প্রশিক্ষণ প্রদান ও বরাদ্দ সাপেক্ষে রেঞ্জ সরবরাহ।	নলকূপ স্থাপন কাজ সমাপ্তির ২৮ কর্ম দিবসের মধ্যে প্রশিক্ষণ প্রদান ও বরাদ্দ সাপেক্ষে প্রশিক্ষণের সাথে সাথে রেঞ্জ সরবরাহ	প্রকল্পে সংস্থান থাকা সাপেক্ষে	জেলা পর্যায়ে নির্বাহী প্রকৌশলীর নিকট লিখিত অভিযোগ
০৮	কারিগরি সহায়তা	সংশ্লিষ্ট জেলার নির্বাহী প্রকৌশলী / উপজেলা সহকারী প্রকৌশলী/উ প সহ: প্রকৌশলী	বাংলাদেশের পল্লী এলাকায় ইউনিয়ন পরিষদ ও পৌর এলাকায় পৌরসভা সমূহকে চাহিদার প্রেক্ষিতে নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন অবকাঠামো নির্মাণে কারিগরি সহায়তা প্রদান করা হয়ে থাকে। এছাড়াও সকল সরকারী বেসরকারি প্রতিষ্ঠান এবং জনসাধারণের আবেদনের প্রেক্ষিতে নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন অবকাঠামো নির্মাণে কারিগরি সহায়তা প্রদান করা হয়।	৭ কর্ম দিবস	বিনামূল্যে	নির্বাহী প্রকৌশলীর ক্ষেত্রে সংশ্লিষ্ট সাক্ষেত্রের তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও সহকারী প্রকৌশলী/ উপ সহকারী প্রকৌশলীর ক্ষেত্রে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী

ক্রমিক নং	সেবাসমূহ/সেবার নাম	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারীর নাম	সেবা প্রদানের পদ্ধতি	সেবা প্রদানের সময়সীমা	সেবা প্রাপ্তির প্রয়োজনীয় ফি	নির্দিষ্ট সেবা প্রদানে ব্যর্থ হলে প্রতিকারের বিধান
০৯	প্রাকৃতিক দুর্যোগ কালীন সেবা	সংশ্লিষ্ট উপজেলার সহকারী প্রকৌশলী/উ প সহকারী প্রকৌশলী/ন লকুপ মৌকালিক	প্রাকৃতিক দুর্যোগ কালীন সময়ে নিরাপদ পানি পান ও স্বাস্থ্য বিধি পালনে জনগণকে উদ্বুদ্ধকরণ। এছাড়া বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে বিভিন্ন উপকরণ যেমন নিরাপদ পানি, পানি বিশুদ্ধিকরণ ট্যাবলেট, নলকুপ উচুকরণের জন্য নিপল পাইপ, নলকুপের খুচরা যন্ত্রাংশ, রিং স্ল্যাব বিনামূল্যে বিতরণ করা হয়।	০৩ দিনের মধ্যে	বিনামূল্যে	নির্বাচী প্রকৌশলীর ক্ষেত্রে সংশ্লিষ্ট সার্কেলের তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও সহকারী প্রকৌশলী/ উপ সহকারী প্রকৌশলীর ক্ষেত্রে সংশ্লিষ্ট নির্বাচী প্রকৌশলী

২.০ সাংগঠনিক কাঠামো ও বিন্যাস

২.১ সাংগঠনিক কাঠামো ও জনবল:

নিরাপদ পানি ও স্যানিটেশন জনগণের মৌলিক অধিকার, এদেশের জনগণের নিকট উক্ত মৌলিক সেবা পৌছানোর জন্য জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (ডিপিএইচই) সর্বদাই নিয়োজিত। বর্তমানে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এর সাংগঠনিক কাঠামোয় স্থায়ী রাজস্ব, অস্থায়ী রাজস্ব, ওয়ান টাইম ও আউট সোর্সিং মঞ্জুরী কৃত ৬৯৪৮টি পদ রয়েছে। যার মধ্যে সদর দপ্তর পর্যায়ে ২১৫টি, আঞ্চলিক পর্যায়ে ২০৪টি, জেলা পর্যায়ে ৭৮২টি এবং উপজেলা পর্যায়ে ৫৭৪৭টি পদ রয়েছে। এর বিপরীতে সদর দপ্তর পর্যায়ে ২১০ জন, আঞ্চলিক পর্যায়ে ১৯৫ জন, জেলা পর্যায়ে ৬৭০ জন এবং উপজেলা পর্যায়ে ৪৪৮১ জন অর্থাৎ ৫৫৫৬ জন জনবল নিয়োজিত থেকে জনসেবার কাজ চালিয়ে যাচ্ছেন।

একজন প্রধান প্রকৌশলীর নেতৃত্বে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের কর্মকান্ড পরিচালিত হয়। প্রধান প্রকৌশলীর পরবর্তী ধাপে ৩ জন অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পূর্ত, পরিকল্পনা ও পানি সম্পদ) নিয়োজিত আছেন। তদপরবর্তী ধাপে মাঠ পর্যায়ে ৯টি (ঢাকা, চট্টগ্রাম, পার্বত্য চট্টগ্রাম, সিলেট, বরিশাল, ফরিদপুর, খুলনা, রাজশাহী ও রংপুর) সার্কেলে প্রতিটিতে ১জন করে তত্ত্বাবধায়ক প্রকৌশলী এবং সদর দপ্তর পর্যায়ে ৫টি (পরিকল্পনা, ভান্ডার, পানির গুণগতমান পরিবীক্ষণ, গ্রাউন্ড ওয়াটার ও ফিজিবিলাটি স্টাডি) সার্কেলে একজন করে তত্ত্বাবধায়ক প্রকৌশলী দায়িত্ব পালন করছেন। এছাড়াও বর্তমানে তত্ত্বাবধায়ক প্রকৌশলীর পদমর্যাদা সম্পন্ন ০৫ জন এবং নির্বাহী প্রকৌশলীর পদমর্যাদা সম্পন্ন ১২ জন কর্মকর্তা প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করছেন। জেলা পর্যায়ে প্রতিটি জেলায় একজন নির্বাহী প্রকৌশলী এবং উপজেলা পর্যায়ে ২টি উপজেলায় ১জন সহকারী প্রকৌশলী এবং প্রতিটি উপজেলায় একজন উপ-সহকারী প্রকৌশলী দায়িত্ব পালন করছেন।

২.২ অধিক্ষেত্র এলাকা (Area of Jurisdiction)

সাংগঠনিক কাঠামো অনুযায়ী অতিরিক্ত প্রধান প্রকৌশলী এবং সদর প্রতিষ্ঠানের তত্ত্বাবধায়ক প্রকৌশলীবৃন্দের অধিক্ষেত্র এলাকা নিম্নরূপ:

ক্রমিক নং	নিয়ন্ত্রণকারী	অধিক্ষেত্র এলাকা (Area of Jurisdiction)
১।	অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পরিকল্পনা)	পরিকল্পনা সার্কেল, ঢাকা।
		ভান্ডার সার্কেল, ঢাকা।
		ফিজিবিলাটি স্টাডি এন্ড ডিজাইন সার্কেল, ঢাকা।
২।	অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পানি সম্পদ)	গ্রাউন্ড ওয়াটার সার্কেল।
		ওয়াটার কোয়ালিটি মনিটরিং এন্ড সার্ভিল্যান্স সার্কেল।
৩।	অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পূর্ত)	জোনাল সার্কেল সমূহ।
৪।	তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা সার্কেল)	পরিকল্পনা বিভাগ, ঢাকা।
		প্রোগ্রাম এন্ড কোঅর্ডিনেশন ডিভিশন, ঢাকা।
		এমআইএস ইউনিট, ঢাকা।
		জিআইএস ইউনিট, ঢাকা।

ক্রমিক নং	নিয়ন্ত্রণকারী	অধিক্ষেত্র এলাকা (Area of Jurisdiction)
৫।	তত্ত্বাবধায়ক প্রকৌশলী (স্টোর সার্কেল), ঢাকা।	সেন্ট্রাল স্টোর বিভাগ, ঢাকা।
		ভান্ডার বিভাগ, চট্টগ্রাম।
		ভান্ডার বিভাগ, খুলনা।
৬।	তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ফিজিবিলাটি স্টাডি এন্ড ডিজাইন সার্কেল), ঢাকা।	ডিজাইন বিভাগ, ঢাকা।
		এসআইআর বিভাগ, ঢাকা।
৭।	তত্ত্বাবধায়ক প্রকৌশলী (গ্রাউন্ড ওয়াটার সার্কেল), ঢাকা।	গ্রাউন্ড ওয়াটার বিভাগ, ঢাকা।
		মেকানিক্যাল এন্ড ইলেক্ট্রিক্যাল বিভাগ, ঢাকা।
		আর্সেনিক ম্যানেজমেন্ট বিভাগ, ঢাকা।
৮।	তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ওয়াটার কোয়ালিটি মনিটরিং এন্ড সার্ভিল্যান্স সার্কেল), ঢাকা।	কেন্দ্রীয় ল্যাবরেটরি।
		১৩টি জোনাল ল্যাবরেটরি (কুমিল্লা, ময়মনসিংহ, রাজশাহী, খুলনা, নোয়াখালী, ঝিনাইদহ, সিলেট, বরিশাল, রংপুর, বগুড়া, টাঙ্গী, রাজামাটি, গোপালগঞ্জ)

২.৪ জনবল:

এ অধিদপ্তরের সার্বিক কর্মকাণ্ড পরিচালনার জন্য স্থায়ী রাজস্ব, অস্থায়ী রাজস্ব, ওয়ান টাইম রাজস্ব ও আউটসোর্সিং মঞ্জুরীকৃত মোট পদের সংখ্যা ৬৯৪৮ টি। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের রাজস্ব (স্থায়ী রাজস্ব, অস্থায়ী রাজস্ব, ওয়ান টাইম অস্থায়ী রাজস্ব) খাতের পদের বিবরণ নিম্নে দেয়া হলোঃ

ক্রমিক নং	পদের নাম	গ্রেড	বেতন স্কেল	মঞ্জুরীকৃত পদ সংখ্যা				মোট
				স্থায়ী রাজস্ব	অস্থায়ী রাজস্ব	ওয়ান টাইম	আউট সোর্সিং	
ক. প্রথম শ্রেণী								
১	প্রধান প্রকৌশলী	১	৪০০০	১	০	০	০	১
২	অতিরিক্ত প্রধান প্রকৌশলী	৩	২৯০০-৩৫৬০০	৩	০	০	০	৩
৩	তত্ত্বাবধায়ক প্রকৌশলী	৪	২৫৭৫০-৩৩৭৫০	১৪	০	০	০	১৪
৪	প্রধান রসায়নবিদ	৪	২৫৭৫০-৩৩৭৫০	০	১	০	০	১
৫	নির্বাহী প্রকৌশলী	৫	২২২৫০-৩১২৫০	৭৬	১	০	০	৭৭
৬	উপ-পরিচালক	৫	২২২৫০-৩১২৫০	০	১	০	০	১
৭	সিঃ সোস্যাল ডেভঃ অফিসার	৫	২২২৫০-৩১২৫০	১	০	০	০	১
৮	সিনিয়র রসায়নবিদ	৫	২২২৫০-৩১২৫০	১৩	০	০	০	১৩
৯	সিনিয়র সহকারী প্রকৌশলী	৬	১৮৫০০-২৯৭০০	০	৭০	০	০	৭০
১০	সহকারী পরিচালক	৬	১৮৫০০-২৯৭০০	০	২	০	০	২
১১	সিনিয়র ব্যাকটেরিয়োলজিস্ট	৬	১৮৫০০-২৯৭০০	০	১	০	০	১
১২	প্রোগ্রামার	৬	১৮৫০০-২৯৭০০	২	০	০	০	২
১৩	সোস্যাল ডেভলপমেন্ট অফিসার	৬	১৮৫০০-২৯৭০০	০	৯	০	০	৯
১৪	রসায়নবিদ	৬	১৮৫০০-২৯৭০০	০	২	০	০	২
১৫	সিনিয়র হাইড্রোজিওলজিস্ট	৭	১৫০০০-২৬২০০	৩	০	০	০	৩
১৬	লিগ্যাল অফিসার	৭	১৫০০০-২৬২০০	০	১	০	০	১
১৭	সহকারী প্রকৌশলী	৯	১১০০০-২০৩৭০	১৮৭	৯৬	০	০	২৮৩
১৮	সহকারী প্রোগ্রামার	৯	১১০০০-২০৩৭০	১	০	০	০	১
১৯	জুনিয়র হাইড্রোজিওলজিস্ট	৯	১১০০০-২০৩৭০	৩	০	০	০	৩
২০	সহকারী মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার	৯	১১০০০-২০৩৭০	১	০	০	০	১
২১	ব্যবস্থাপনা কর্মকর্তা	৯	১১০০০-২০৩৭০	১	০	০	০	১
২২	প্রশিক্ষণ কর্মকর্তা	৯	১১০০০-২০৩৭০	১	১	০	০	২
২৩	ব্যাকটেরিয়োলজিস্ট	৯	১১০০০-২০৩৭০	০	১	০	০	১
২৪	জুনিয়র সোস্যাল ডেভঃ অফিসার	৯	১১০০০-২০৩৭০	০	৪	০	০	৪
২৫	জুনিয়র কেমিস্ট	৯	১১০০০-২০৩৭০	৪	৭	০	০	১১
প্রথম শ্রেণী মোট				৩০৫	১৯২	০	০	৪৯৭

ক্রমিক নং	পদের নাম	গ্রেড	বেতন স্কেল	মঞ্জুরীকৃত পদ সংখ্যা				মোট
				স্থায়ী রাজস্ব	অস্থায়ী রাজস্ব	ওয়ান টাইম	আউট সোর্সিং	
খ. দ্বিতীয় শ্রেণী								
২৬	প্রশাসনিক কর্মকর্তা	১০	৮০০০-১৬৫০০	১	০	০	০	১
২৭	হিসাব রক্ষণ কর্মকর্তা	১০	৮০০০-১৬৫০০	১	০	০	০	১
২৮	প্রধান নস্সাকার	১০	৮০০০-১৬৫০০	৪	২	০	০	৬
২৯	নস্সাকার	১০	৮০০০-১৬৫০০	৫১	০	০	০	৫১
৩০	প্রধান প্রাককলনিক	১০	৮০০০-১৬৫০০	৪	২	০	০	৬
৩১	উপ-সহকারী প্রকৌশলী	১০	৮০০০-১৬৫০০	৪৮৯	৩০	০	০	৫১৯
৩২	প্রাককলনিক	১০	৮০০০-১৬৫০০	৬৪	২	০	০	৬৬
৩৩	ওভারশিয়ার	১০	৮০০০-১৬৫০০	১	০	০	০	১
৩৪	সুপারভাইজার	১০	৮০০০-১৬৫০০	১	০	০	০	১
৩৫	সুপারভাইজারী টেকনিশিয়ান	১০	৮০০০-১৬৫০০	৪	০	০	০	৪
৩৬	বিভাগীয় হিসাব রক্ষক	১০	৮০০০-১৬৫০০	২৬	১	০	০	২৭
৩৭	সহকারী উমেন ডেভঃ অফিসার	১০	৮০০০-১৬৫০০	০	২	০	০	২
৩৮	টেকনিক্যাল সুপারভাইজার	১০	৮০০০-১৬৫০০	২	০	০	০	২
৩৯	মাষ্টার ড্রিলার	১০	৮০০০-১৬৫০০	০	২	০	০	২
দ্বিতীয় শ্রেণী মোট				৬৫২	৪৮	০	০	৭০০

গ. তৃতীয় শ্রেণী									
৪০	নমুনা বিশ্লেষক	১০	৮০০০-১৬৫০০	৭	১৮	০	০	২৫	
৪১	স্বাস্থ্য প্রশিক্ষক	১১	৬৪০০-১২২৫৫	০	১৩	০	০	১৩	
৪২	সহকারী মাষ্টার ড্রিলার	১১	৬৪০০-১৪২৫৫	০	৩	০	০	৩	
৪৩	প্রধান সহকারী	১৩	৫৫০০-১২০৯৫	৭	৪	০	০	১১	
৪৪	প্রধান সহকারী / উচ্চমান সহকারী	১৩	৫৫০০-১২০৯৫	৬৮	৬	০	০	৭৪	
৪৫	স্টেনোগ্রাফার	১৩	৫৫০০-১২০৯৫	১২	০	০	০	১২	
৪৬	ফোরম্যান	১৩	৫৫০০-১২০৯৫	০	২	০	০	২	
৪৭	প্রক্ষেপণকারী	১৩	৫৫০০-১২০৯৫	০	১৪	০	০	১৪	
৪৮	অডিটর	১৩	৫৫০০-১২০৯৫	০	১	০	০	১	
৪৯	কম্পিউটার অপারেটর	১৩	৫৫০০-১২০৯৫	৭	৮	০	০	১৫	
৫০	নমুনা সংগ্রহকারী	১৩	৫৫০০-১২০৯৫	৪	১৬	০	০	২০	
৫১	উচ্চমান সহকারী	১৪	৫২০০-১১০৩৫	৪	০	০	০	৪	
৫২	হিসাব রক্ষক (অধিদপ্তরীয়)	১৪	৫২০০-১১০৩৫	৬	৭	০	০	১৩	
৫৩	হিসাব রক্ষক / উচ্চমান সহকারী	১৪	৫২০০-১১০৩৫	৪৪	০	০	০	৪৪	
৫৪	স্টেনোগ্রাফার	১৪	৫২০০-১১০৩৫	১	০	০	০	১	
৫৫	স্ট্যাটিস্টিক্যাল এসিস্টেন্ট	১৪	৫২০০-১১০৩৫	১	১	০	০	২	
৫৬	গবেষণা সহকারী	১৪	৫২০০-১১০৩৫	০	১	০	০	১	
৫৭	ভান্ডার রক্ষক	১৪	৫২০০-১১০৩৫	০	২	০	০	২	
৫৮	টেকনিশিয়ান	১৪	৫২০০-১১০৩৫	৪	০	০	০	৪	
৫৯	ক্যাশিয়ার	১৬	৪৭০০-৯৭৫৫	৬৯	২	০	০	৭১	
৬০	হিসাব সহকারী / এলডিএ	১৬	৪৭০০-৯৭৫৫	৩৯	৪	০	০	৪৩	
৬১	এলডিএ	১৬	৪৭০০-৯৭৫৫	৫	৪	০	০	৯	
৬২	টাইপিষ্ট	১৬	৪৭০০-৯৭৫৫	২	০	০	০	২	
৬৩	নিম্নমান সহকারী কাম মুদ্রাক্ষরিক	১৬	৪৭০০-৯৭৫৫	১০৮	৩	০	০	১১১	
৬৪	স্যানিটারী এসিস্টেন্ট	১৬	৪৭০০-৯৭৫৫	০	১১	০	০	১১	
৬৫	নিম্নমান সহকারী/টাইপিষ্ট	১৬	৪৭০০-৯৭৫৫	১২	০	০	০	১২	
৬৬	এলডিএটি/ডাটা এন্ট্রি অপারেটর	১৬	৪৭০০-৯৭৫৫	০	১২	০	০	১২	
৬৭	ডাটা এন্ট্রি অপারেটর	১৬	৪৭০০-৯৭৫৫	০	১৭	০	০	১৭	
৬৮	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক	১৬	৪৭০০-৯৭৫৫	০	২	০	০	২	
৬৯	ক্লার্ক কাম টাইপিষ্ট	১৬	৪৭০০-৯৭৫৫	৪০১	৩৪	০	০	৪৩৫	
৭০	ট্রেসার	১৬	৪৭০০-৯৭৫৫	৪	০	০	০	৪	
৭১	সার্ভেয়ার	১৬	৪৭০০-৯৭৫৫	২	০	০	০	২	
৭২	ড্রাইভার	১৬	৪৭০০-৯৭৫৫	১০	১৪	৪৭	৪০	১১১	
৭৩	স্পীডবোট ড্রাইভার	১৬	৪৭০০-৯৭৫৫	০	০	৪	০	৪	
৭৪	ইলেকট্রিশিয়ান	১৬	৪৭০০-৯৭৫৫	০	২	০	০	২	
৭৫	ব্যক্তিগত সহকারী	১৬	৪৭০০-৯৭৫৫	০	১	০	০	১	
তৃতীয় শ্রেণী মোট					৮২৯	১৯০	৫১	৪০	১১১০

ঘ. চতুর্থ শ্রেণী									
৭৬	পাম্প ড্রাইভার	১৭	৪৫০০-৯০১৫	০	১৪	০	০	১৪	
৭৭	মেকানিক	১৮	৪৪০০-৮৫৮০	১৮৪০	১০২	০	০	১৯৪২	
৭৮	ক্যাশ সারকার	১৮	৪৪০০-৮৫৮০	২	০	০	০	২	
৭৯	ম্যাশিন	১৮	৪৪০০-৮৫৮০	০	০	৭১৯	০	৭১৯	
৮০	হেলপার	১৮	৪৪০০-৮৫৮০	০	০	১	০	১	
৮১	ডেসপাস রাইডার	১৯	৪২৫০-৮১৪০	১	০	০	০	১	
৮২	লাইনম্যান	২০	৪১০০-৭৭০০	০	৮	০	০	৮	
৮৩	সহকারী পাম্প ড্রাইভার	২০	৪১০০-৭৭০০	০	৮	০	০	৮	
৮৪	ট্রিটমেন্ট প্লান্ট অপারেটর	২০	৪১০০-৭৭০০	০	৪	০	০	৪	
৮৫	মেশিন অপারেটর	২০	৪১০০-৭৭০০	০	০	০	৩	৩	
৮৬	প্লাম্বার	২০	৪১০০-৭৭০০	০	১	০	১	২	
৮৭	লিফটম্যান	২০	৪১০০-৭৭০০	০	০	০	১	১	
৮৮	এম,এল,এস,এস	২০	৪১০০-৭৭০০	১০১	১৭	০	২০	১৩৮	
৮৯	পিয়ন/এম,এল,এস,এস,	২০	৪১০০-৭৭০০	৪২৮	২০	০	২	৪৫০	
৯০	নিরাপত্তা রক্ষী	২০	৪১০০-৭৭০০	০	৩	০	০	৩	
৯১	পরীক্ষাগার ক্লিনার	২০	৪১০০-৭৭০০	০	২	০	০	২	
৯২	গার্ড/ক্লিনার	২০	৪১০০-৭৭০০	০	৭	০	০	৭	
৯৩	ম্যাসেঞ্জার	২০	৪১০০-৭৭০০	০	৪	০	০	৪	
৯৪	গার্ড	২০	৪১০০-৭৭০০	০	৫	০	০	৫	
৯৫	টোকিদার/নাইটগার্ড	২০	৪১০০-৭৭০০	২৯৭	১৮	০	২	৩১৭	
৯৬	ক্লিনার / ল্যাব ক্লিনার	২০	৪১০০-৭৭০০	০	০	০	৪	৪	
৯৭	গার্ড / টোকিদার	২০	৪১০০-৭৭০০	০	০	০	৮	৮	
৯৮	টোকিদার	২০	৪১০০-৭৭০০	১৬৯	১	০	১	১৭১	
৯৯	লেবার	২০	৪১০০-৭৭০০	০	০	৮২৫	০	৮২৫	
চতুর্থ শ্রেণী মোট					২৮৩৮	২১৪	১৫৪৫	৪৪	৪৬৪১
				সর্বমোট =	৪৪৫৩	৮১৫	১৫৯৬	৮৪	৬৯৪৮

বিভিন্ন শ্রেণীর মঞ্জুরীকৃত মোট পদের সংখ্যা, কর্মরত জনবল এবং শূন্য পদের বিবরণ নিম্নরূপ:

ক্রমিক নং	অনুমোদিত জনবল	কর্মরত	২০১৪-১৫ অর্থবছরে পূরণকৃত পদ সংখ্যা	সৃষ্ট পদসংখ্যা	শূন্য পদসংখ্যা	মন্তব্য
১	১ম শ্রেণী-৪৯৭	১৯৮	০৮	-	২৯৯	
২	২য় শ্রেণী-৭০০	৪৪১	০৮	-	২৫৯	
৩	৩য় শ্রেণী-১১১০	৭৯০	-	-	২৮০	
৪	৪র্থ শ্রেণী-৪৬৪১	৩৯২৬	-	-	৬৭১	

২.৫ পদ সৃষ্টি, ও নিয়োগ:

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (ডিপিএইচই) এর সাংগঠনিক কাঠামো বৃদ্ধি, আধুনিকায়ন, পদোন্নতি এবং শূন্যপদ পূরণে বর্তমান সরকারের অবদান স্মরণীয় হয়ে থাকবে। বর্তমান সরকারের আমলে প্রশাসনিক/প্রাতিষ্ঠানিক উন্নয়নের কয়েকটি উদাহরণ নিম্নে প্রদান করা হলো-

- সর্বমোট ১৬টি পদ সৃজন করা হয়েছে যার মধ্যে ০২ টি ২য় শ্রেণীর এবং ১০টি ৩য় শ্রেণীর ও ৪টি ৪র্থ শ্রেণীর (আউট সোর্সিং) পদ রয়েছে।
- অতিরিক্ত প্রধান প্রকৌশলী পদে ০২ জনকে পদোন্নতি ও ৩ জনকে চলতি দায়িত্ব দেয়া হয়েছে এবং ৩২ জনকে নির্বাহী প্রকৌশলী পদে চলতি দায়িত্ব প্রদান করা হয়েছে।
- পিএসসির মাধ্যমে ০৮ জন নন-ক্যাডার সহকারী প্রকৌশলীকে নিয়োগ প্রদান করা হয়েছে এবং ০৮জন উপ-সহকারী প্রকৌশলীকে সহকারী প্রকৌশলী ক্যাডার পদে ও ৪৩ জন উপ-সহকারী প্রকৌশলীকে সহকারী প্রকৌশলী নন-ক্যাডার পদে পদোন্নতি প্রদান করা হয়েছে। তাছাড়া ৯১ জন উপ-সহকারী প্রকৌশলীকে সহকারী প্রকৌশলীর চলতি দায়িত্ব প্রদান করা হয়েছে।
- ৩য় ও ৪র্থ শ্রেণীর পদে সর্বমোট ৫১৮টি পদে নিয়োগ প্রক্রিয়াধীন আছে।

৩.০ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের কর্মকাণ্ড

ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা ও নারায়ণগঞ্জ শহর ব্যতীত সমগ্র দেশের পল্লী ও শহরাঞ্চলে (সিটি কর্পোরেশন, পৌরসভা, উপজেলা সদর এবং গ্রোথ সেন্টার) নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন (পয়ঃনিষ্কাশন, নর্দমা ও কঠিন বর্জ্য নিষ্কাশন) ব্যবস্থা সম্প্রসারণ ও উন্নয়নে **Lead Agency** হিসাবে দায়িত্ব পালনের ক্ষেত্রে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর বিভিন্ন প্রকল্প বাস্তবায়ন করছে।

৩.১ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক গৃহীত ২০১৪-২০১৫ অর্থবছরে অন্তর্ভুক্ত প্রকল্পের তালিকা:

১।	সিলেট ও বরিশাল মহানগরীতে পানি সরবরাহ, স্যানিটেশন ও ড্রেনেজ প্রকল্প
২।	পানি সরবরাহ ও স্যানিটেশনের জন্য মানবসম্পদ উন্নয়ন কেন্দ্র স্থাপন প্রকল্প
৩।	বিশেষ গ্রামীণ পানি সরবরাহ প্রকল্প
৪।	পাবনা জেলার সুজানগর ভাঙ্গুরা ও চাটমোহর পৌরসভায় পাইপড ওয়াটার সাপ্লাই এন্ড এনভায়রনমেন্টাল স্যানিটেশন প্রকল্প
৫।	৩৭ জেলা শহরে পানি সরবরাহ প্রকল্প
৬।	বাংলাদেশের ঘূর্ণিঝড় উপদ্রুত এবং সিডর আক্রান্ত উপকূলীয় এলাকায় পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্প
৭।	টংগী শহরে পানি সরবরাহ, স্যানিটেশন এবং ড্রেনেজ প্রকল্প
৮।	বাংলাদেশ রুরাল ওয়াটার সাপ্লাই এন্ড স্যানিটেশন প্রকল্প
৯।	থানা সদর ও গ্রোথসেন্টারে অবস্থিত পৌরসভা সমূহে পাইপ লাইনের মাধ্যমে পানি সরবরাহ ও এনভায়রনমেন্টাল স্যানিটেশন প্রকল্প (২য় পর্ব)।
১০।	৪০ পৌরসভা ও গ্রোথসেন্টারে পানি সরবরাহ এবং এনভায়রনমেন্টাল স্যানিটেশন (দ্বিতীয় পর্যায়) প্রকল্প
১১।	মংলা পৌরসভায় পানি সরবরাহ ও এনভায়রনমেন্টাল স্যানিটেশন প্রকল্প
১২।	গ্রাউন্ড ওয়াটার ইনভেস্টিগেশন এন্ড ডেভেলপমেন্ট অব ডীপ গ্রাউন্ড ওয়াটার সোর্স ইন আরবান এন্ড রুরাল এরিয়াস ইন বাংলাদেশ প্রকল্প
১৩।	পানি সরবরাহ সংক্রান্ত সামগ্রিক ব্যবস্থাপনা দক্ষতা উন্নয়ন প্রকল্প
১৪।	চর উন্নয়ন ও বসতি স্থাপন প্রকল্প-৪ (CDSP - IV) ডিপিএইচ অংশ

৪.০ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের কর্মকর্তা, কর্মচারীদের দায় দায়িত্ব

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের কর্মকর্তা, কর্মচারীদের দায় দায়িত্ব (Charter of Duties) নিম্নরূপ:

৪.১ প্রধান প্রকৌশলী:

প্রধান প্রকৌশলীর নেতৃত্বে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের সকল কর্মকাণ্ড পরিচালিত হয়। প্রধান প্রকৌশলীর দায়িত্ব এবং কার্যাবলী নিম্নরূপ:

- অধিদপ্তরের প্রশাসনিক প্রধান হিসেবে দায়িত্ব পালনের পাশাপাশি তিনি প্রশাসনিক সার্বিক কর্মকাণ্ডের জন্য দায়ী থাকবেন।
- প্রযুক্তিগত (Technical) বিষয়ে নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়ের একজন পরামর্শক বা এ্যাডভাইজার হিসেবে দায়িত্ব পালন এবং অধিদপ্তরের সাথে সম্পর্কিত বিভিন্ন নীতি (Policy) প্রণয়নে পরামর্শ প্রদান করা।
- বাজেট বিষয়ে অধিদপ্তরের প্রধান একাউন্টিং অফিসার (Principal Account Officer) হিসেবে দায়িত্ব পালন করা।
- সময়ে সময়ে সরকার কর্তৃক জারীকৃত বিভিন্ন বিধি-বিধান, অর্ডিন্যান্স এবং নিয়মের মধ্যে থেকে প্রশাসনিক এবং অধিদপ্তরের বিভিন্ন কার্যাবলী সম্পন্ন করা।
- অধিদপ্তর সুচারু রূপে পরিচালনা এবং শৃঙ্খলা নিশ্চিতকরণ।
- মাঠ পর্যায়ের কর্মকর্তাদের জন্য নির্বাহী এবং অপারেশনাল (Operational) নির্দেশনা প্রদান এবং তাদেরকে নিয়ন্ত্রণ ও তত্ত্বাবধান করা।
- সরকারী বিধি বিধান মোতাবেক তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীদের নিয়োগ করা।
- অধীনস্থ কর্মকর্তাদের Delegation of Power অনুযায়ী বিভিন্ন আদেশ জারী করা।
- পূর্ত কাজের নির্বাহী এবং পেশাগত নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা।
- অধিদপ্তরকে প্রতিনিধিত্ব করা এবং যেখানে ব্যক্তিগতভাবে প্রতিনিধিত্ব করা সম্ভব নয়, সেখানে তার পক্ষ থেকে প্রতিনিধি নির্বাচন করা।
- অধীনস্থ সকল প্রথম শ্রেণীর কর্মকর্তাদের অর্জিত ছুটি মঞ্জুর করা।
- এক মাসের অধিককাল অনিষ্পন্ন বিষয় নিষ্পত্তির লক্ষ্যে তার অধীনস্থ একই স্টেশনে (Station) অবস্থানকারী সকল কর্মকর্তাদের সাথে মাসে একবার আলোচনা করা।
- বাৎসরিক পরিদর্শনের অতিরিক্ত হিসেবে তার অফিস মাসে কমপক্ষে একবার এবং মাঠ পর্যায়ের অফিসে চার মাসে অন্তত একবার পরিদর্শন (Inspection) করা।
- প্রয়োজনের ভিত্তিতে কর্মকর্তাদের দায়িত্ব অর্পণ করা।
- প্রযোজ্য ক্ষেত্রে রাজস্ব আদায় নিশ্চিত করা এবং তার অধীন থাকা সরকারী সম্পত্তির হেফাজত করা।
- সরকার কর্তৃক অর্পিত অন্যান্য দায়িত্ব পালন করা।

৪.২ অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পরিকল্পনা)

তিনি নিম্নে বর্ণিত কার্যাবলী সম্পাদন করবেন এবং প্রধান প্রকৌশলীর নিকট সকল কর্মকাণ্ডের জন্য দায়ী থাকবেন:

- জাতীয় উন্নয়ন নীতিমালা অনুসারে সার্বিক পরিকল্পনা প্রণয়ন এবং উন্নয়নমূলক কর্মকাণ্ডে প্রধান প্রকৌশলীকে সহায়তা প্রদান করা।
- মন্ত্রণালয়ের পরিকল্পনা সেল, পরিকল্পনা কমিশন, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ইউনিসেফ (UNICEF), বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) এবং অন্যান্য দাতা বা ঋণ প্রদানকারী সংস্থার সাথে যোগাযোগ রক্ষার ক্ষেত্রে মুখ্য ভূমিকা পালন করা।
- এডিপি বাস্তবায়ন, উন্নয়ন প্রকল্পের অগ্রগতি নিয়ন্ত্রণ এবং পর্যবেক্ষণপূর্বক প্রতিবেদন প্রণয়নে সহায়তা করা।
- প্রকল্প পরিকল্পনা, ইঞ্জিনিয়ারিং ডিজাইন (Engineering Design), গবেষণা, তদারকি এবং পাইলট প্রকল্প (Pilot Project) ইত্যাদিতে মুখ্য সমন্বয়কারী হিসেবে দায়িত্ব পালন করা।
- বিভাগীয় প্রধান হিসেবেও দায়িত্ব পালন করা।
- প্রধান প্রকৌশলী কর্তৃক সময়ে সময়ে প্রদেয় অন্যান্য দায়িত্ব পালন।

৪.২.১ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা সার্কেল)

তিনি নিম্নে বর্ণিত কার্যাবলী সম্পাদন করবেন এবং অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পরিকল্পনা) এর নিকট সকল কর্মকাণ্ডের জন্য দায়ী থাকবেন:

- পরিকল্পনা প্রণয়ন এবং উন্নয়নমূলক কর্মকাণ্ডে অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পরিকল্পনা)-কে সহায়তা প্রদান করা।
- মন্ত্রণালয়ের পরিকল্পনা সেল, পরিকল্পনা কমিশন, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ইউনিসেফ (UNICEF), বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) এবং অন্যান্য দাতা বা ঋণ প্রদানকারী সংস্থার সাথে যোগাযোগ রক্ষা করা।
- এডিপি বাস্তবায়ন, উন্নয়ন প্রকল্পের অগ্রগতি নিয়ন্ত্রণ এবং পর্যবেক্ষণপূর্বক প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করা।
- প্রকল্প পরিকল্পনা, ইঞ্জিনিয়ারিং ডিজাইন (Engineering Design), গবেষণা, তদারকি এবং পাইলট প্রকল্প (Pilot Project) ইত্যাদিতে সমন্বয়কারী হিসেবে দায়িত্ব পালন করা।
- বিভাগীয় প্রধান হিসেবেও দায়িত্ব পালন করা।
- উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে প্রদেয় অন্যান্য দায়িত্ব পালন।

৪.২.১.১ নির্বাহী প্রকৌশলী (পরিকল্পনা বিভাগ):

তিনি তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা সার্কেল) এর নিকট তার সকল কর্মকাণ্ডের জন্য দায়ী থাকবেন এবং তার দিক নির্দেশনা মোতাবেক ও নিম্নবর্ণিত কার্যাবলী সম্পাদন করবেন :

- পরিকল্পনা কমিশন কর্তৃক নির্ধারিত ছকে সবধরনের উন্নয়ন মূলক কাজের প্রকল্প প্রস্তাব প্রস্তুত করা।
- প্রকল্প পরিকল্পনা/ প্রকল্প সংশোধন/ প্রকল্প প্রস্তুত প্রভৃতি কাজে মন্ত্রণালয়ের কোষ, আইএমইডি, পরিকল্পনা কমিশন ও অন্যান্য দাতা সংস্থার সহিত যোগাযোগ রক্ষা করা।
- প্রকল্পের মিশন রিপোর্ট / প্রজেক্ট ডকুমেন্ট এবং অন্যান্য সমীক্ষা প্রতিবেদনে মন্তব্য করা।
- প্রকল্প প্রস্তুতের জন্য প্রয়োজনীয় তথ্য সংগ্রহ এবং বিশ্লেষণ করা।
- পঞ্চবার্ষিকী পরিকল্পনা/ ত্রি বার্ষিকী আর্বতন কর্মসূচী প্রণয়ন করা।

- নির্বাহী প্রকৌশলী, প্রোগ্রামিং/ মনিটরিং বিভাগকে বার্ষিক উন্নয়ন কর্মসূচী প্রস্তুত কাজে বিভিন্ন তথ্য সরবরাহের মাধ্যমে সহায়তা করা।
- অর্পিত ক্ষমতা ও পিডব্লিউডি কোড অনুযায়ী প্রাক্কলন অনুমোদন করা।
- বিভাগের আওতাধীন কর্মকর্তা/কর্মচারীদের উপর প্রশাসনিক নিয়ন্ত্রণ।
- উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক অন্যান্য দায়িত্ব পালন করা।

৪.২.১.২ নির্বাহী প্রকৌশলী (প্রোগ্রাম এন্ড কো-অর্ডিনেশন বিভাগ)

তিনি তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা সার্কেল) এর নিকট তাঁর সকল কর্মকাণ্ডের জন্য দায়ী থাকবেন এবং তার দিক নির্দেশনা মোতাবেক ও নিম্নে বর্ণিত কার্যাবলী সম্পাদন করবেন :

- অধিদপ্তরের খসড়া বার্ষিক/ ত্রি বার্ষিক উন্নয়ন কর্মসূচী প্রণয়ণ ও উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট উপস্থাপন
- অনুমোদিত বার্ষিক / ত্রি বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আলোকে বাস্তবায়ন কৌশল প্রণয়ণ ও অনুমোদনের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট উপস্থাপন।
- বাস্তবায়নাধীন প্রকল্প সংক্রান্ত বিষয়ে মন্ত্রণালয়, পরিকল্পনা কমিশন, উন্নয়ন সহযোগী সংস্থা ইত্যাদির সহিত যোগাযোগ রক্ষা।
- অধিদপ্তরের বিভিন্ন কার্যালয়ের সাথে ঘনিষ্ঠ যোগাযোগ রক্ষার মাধ্যমে উন্নয়ন কর্মকাণ্ডে গতিশীলতা আনয়ন।
- বিভাগের আওতাধীন কর্মকর্তা/কর্মচারীদের উপর প্রশাসনিক নিয়ন্ত্রণ।
- আয়ন ও ব্যয়ন কর্মকর্তা হিসাবে কাজ করা।
- অর্পিত ক্ষমতা ও পিডব্লিউডি কোড অনুসরণ করে প্রাক্কলন অনুমোদন করা।
- উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক অন্যান্য দায়িত্ব পালন করা।

৪.২.১.৩ প্রোগ্রামার এমআইএস ইউনিট (MIS Unit)

তিনি তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা সার্কেল) এর নিকট তাঁর সকল কর্মকাণ্ডের জন্য দায়ী থাকবেন এবং তাঁর দিক নির্দেশনা মোতাবেক নিম্নে বর্ণিত কার্যাবলী সম্পাদন করবেন :

- পানি সরবরাহ ও স্যানিটেশন সংশ্লিষ্ট যাবতীয় উপাত্ত ও তথ্য সংগ্রহ এবং সংরক্ষণের ক্ষেত্রে ডাটাবেইজ সফটওয়্যার (Database Software) ব্যবহার করা।
- সমগ্র দেশের পানি সরবরাহ, স্যানিটেশন ও ড্রেনেজ ব্যবহার তথ্য সমৃদ্ধ ডাটা ব্যাংক প্রস্তুত এবং সংরক্ষণ কাজে নির্বাহী প্রকৌশলীকে সহযোগিতা প্রদান।
- কেন্দ্র হতে মাঠ পর্যায় পর্যন্ত তথ্য ব্যবস্থাপনা নেটওয়ার্ক গড়ে তোলা ও তার সুষ্ঠু ব্যবস্থাপনা।
- অধিদপ্তরের জন্য Web site পরিচালনা সহ হালনাগাদের কাজ সম্পাদন করা।
- মাঠ পর্যায় হতে সংগৃহীত তথ্যাদি পদ্ধতিগতভাবে সন্নিবেশিত এবং বিশ্লেষণ করার কাজে নির্বাহী প্রকৌশলীকে সহযোগিতা প্রদান।
- পানি সরবরাহ ও স্যানিটেশন কর্মসূচী পরিকল্পনা ও প্রকল্প প্রণয়নের জন্য প্রয়োজনীয় তথ্যাদির সুষ্ঠু ব্যবস্থাপনা করার কাজে নির্বাহী প্রকৌশলীকে সহযোগিতা করা।
- ইউনিটের আওতাধীন কর্মকর্তা/কর্মচারীদের উপর প্রশাসনিক নিয়ন্ত্রণ।
- উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্ব সম্পন্ন করা।

৪.২.২ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ভান্ডার সার্কেল)

তিনি নিম্নে বর্ণিত কার্যাবলী সম্পাদন করবেন এবং অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পরিকল্পনা) এর নিকট সকল কর্মকাণ্ডের জন্য দায়ী থাকবেন:

- দ্রব্যাদি সংগ্রহ (Materials Procurement), ক্রয় (Purchase) এবং দ্রব্যের গুণগত মান পরীক্ষার ক্ষেত্রে প্রধান নিয়ন্ত্রকের ভূমিকা পালন করা।

- আন্তর্জাতিক দ্রব্যাদি আহরণের ক্ষেত্রে দাতা সংস্থার সাথে যোগাযোগ রক্ষা করা।
- অন্যান্য ভান্ডার ডিভিশন এর উপর নিয়ন্ত্রণ এবং পর্যবেক্ষণ করা।
- তার আয়ত্তাধীনে থাকা বিভিন্ন ক্রয় এবং কাজের প্রাক্কলন (Estimate) অনুমোদন (Sanction) করা।
- তার আয়ত্তাধীনে থাকা ব্যয় হিসাব (Expenditure Account) পরিদর্শন ও নিরীক্ষা করা।
- বিভাগীয় প্রধান হিসেবেও দায়িত্ব পালন করা।
- উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে প্রদেয় অন্যান্য দায়িত্ব পালন।

৪.২.২.১ নির্বাহী প্রকৌশলী (ভান্ডার সার্কেল)

তিনি তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ভান্ডার সার্কেল) এর নিকট তাঁর সকল কর্মকাণ্ডের জন্য দায়ী থাকবেন এবং তাঁর দিক নির্দেশনা মোতাবেক ও নিম্নবর্ণিত কার্যাবলী সম্পাদন করবেন:

- সমুদ্র অথবা বিমান বন্দরে আগত অধিদপ্তরের কাজ সংশ্লিষ্ট মালামাল খালাসের সমুদয় ব্যবস্থা গ্রহণ এবং আহরিত মালামাল যথাযথভাবে সংরক্ষণ ও সংশ্লিষ্ট এলাকায় বিতরণ / প্রেরণ।
- উন্নয়ন ও রাজস্ব কর্মকাণ্ডের আয়ন ও ব্যয়ন কর্মকর্তা হিসাবে দায়িত্ব পালন করা এবং আয়ন ও ব্যয়নের মাসিক হিসাব বিবরণী সংরক্ষণ করা।
- নির্বাহী কর্মকর্তা হিসাবে উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট হতে পূর্ত কাজের প্রাক্কলনে অনুমোদন সংগ্রহ করা, দরপত্র তৈরি ও বিজ্ঞপ্তির প্রদান, দরপত্র মূল্যায়ন ও ঠিকাদার নিযুক্তি এবং দরপত্র ও তফসিল মোতাবেক পূর্ত কাজ সম্পন্ন হওয়া সাপেক্ষে পরিশোধ ইত্যাদি করা। ডেলিগেশন অব পাওয়ার ও বার্ষিক উন্নয়ন কর্মসূচী অনুযায়ী পূর্ত কাজের প্রাক্কলন অনুমোদন করা।
- অধীনস্থ ভান্ডারের তদারকি করা।
- ভান্ডারের মাসিক স্টক পরিদর্শন ও প্রয়োজনে মালামাল সংগ্রহের জন্য উপযুক্ত পদক্ষেপ গ্রহণ।

৪.২.৩ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ফিজিবিলাটি স্টাডি এন্ড ডিজাইন সার্কেল)

তিনি নিম্নবর্ণিত কার্যাবলী সম্পাদন করবেন এবং অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পেরিকল্পনা) এর নিকট তাঁর সকল কর্মকাণ্ডের জন্য দায়ী থাকবেন:

- ব্যবহারিক এবং প্রথাগত জরীপ, অনুসন্ধান ও গবেষণা পরিচালনার মাধ্যমে দেশের বিভিন্ন ভৌগোলিক অঞ্চলের জনগোষ্ঠীর অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক আচার; পানি সরবরাহ ও স্যানিটেশন সম্পর্কে সচেতনতা, পানি সরবরাহ ও স্যানিটেশন উন্নয়নে অংশগ্রহণের আগ্রহ; পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থাপনায় (বাস্তবায়ন, পরিচালনা, রক্ষণাবেক্ষণ ইত্যাদি) বিভিন্ন সংগঠনের (stakeholder) দক্ষতা/উপযোগিতা পর্যালোচনা; প্রচলিত বিভিন্ন কর্মকৌশলের প্রয়োগ বিশ্লেষণ ইত্যাদি।
- জরীপ ও অনুসন্ধানের মাধ্যমে অঞ্চলভেদে পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার উন্নয়নে সংশ্লিষ্ট উন্নয়নে সম্ভাব্যতা নিরূপণ, অন্য সংস্থা/পরামর্শক কর্তৃক প্রণীত জরীপ ও অনুসন্ধান সম্পর্কিত প্রতিবেদন পর্যালোচনা।
- আর্থ সামাজিক গবেষণা পরিচালনার দিক নির্দেশনা প্রদান এবং পানি সরবরাহ ও স্যানিটেশন কর্মকাণ্ডে stakeholder/জনগণের অংশগ্রহণ বিষয়ে ব্যবস্থাগ্রহণ সম্পর্কিত সমীক্ষা পরিচালনা।
- অধীনস্থ কর্মকর্তা/কর্মচারী এবং কার্যালয় সমূহের উপর প্রশাসনিক নিয়ন্ত্রণ।
- ডেলিগেশন অব পাওয়ার অনুযায়ী বিভিন্ন প্রকার কাজ/প্রাক্কলনের কারিগরি/প্রশাসনিক ও আর্থিক অনুমোদন প্রদান এবং Arbitrator হিসাবে দায়িত্ব পালন।
- সিটি কর্পোরেশন এবং অন্যান্য পৌরসভা/শহর এলাকার পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার চাহিদা নিরূপণ।

- পানি সরবরাহ ও স্যানিটেশনের বিভিন্ন লাগসই প্রযুক্তি উদ্ভাবন/সনাক্ত করণ এবং সিস্টেম ডিজাইন।
- পানি সরবরাহ ও স্যানিটেশন অবকাঠামোর **Design Criteria** প্রণয়ণ।
- অধিদপ্তরীয় বিভিন্ন ফিজিবিলিটি স্টাডির সমন্বয়কের দায়িত্ব পালন।
- বিভিন্ন ফিজিবিলিটি স্টাডির তথ্য সংরক্ষণ।
- পানি সরবরাহ ও স্যানিটেশন সংক্রান্ত পরিকল্পনা প্রণয়ণে সহায়তা প্রদান।
- সার্কেলাধীন অফিসসমূহের অভ্যন্তরীণ অডিট পরিচালনা।
- অধিদপ্তরীয় কর্মকাণ্ডে **Rate Schedule** প্রণয়ণ ও প্রয়োজনানুযায়ী হালনাগাদ করণ।
- বিভাগীয় প্রধান হিসেবেও দায়িত্ব পালন করা।
- উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে প্রদেয় অন্যান্য দায়িত্ব পালন।

৪.২.৩.১ নির্বাহী প্রকৌশলী (ডিজাইন বিভাগ)

তিনি তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ফিজিবিলিটি স্টাডি এন্ড ডিজাইন সার্কেল) এর নিকট তাঁর সকল কর্মকাণ্ডের জন্য দায়ী থাকবেন এবং তাঁর দিক নির্দেশনা মোতাবেক ও নিম্নবর্ণিত কার্যাবলী সম্পাদন করবেন।

- অধিদপ্তরীয় কার্যালয় ভবন, গুদাম, পাম্প হাউজ এবং পানি সরবরাহ ব্যবস্থার যাবতীয় অবকাঠামোর বিস্তারিত ডিজাইন প্রস্তুত করা।
- প্রস্তুতকৃত নকসা অনুযায়ী কাজের শিডিউল ও স্পেসিফিকেশন প্রস্তুত করা।
- দেশী ও বিদেশী উপদেষ্টা কর্তৃক প্রস্তুতকৃত সব ধরনের নক্সা ও ডিজাইন পরীক্ষা করা এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরামর্শ দেওয়া।
- অর্পিত আর্থিক ক্ষমতা ও পিডব্লিউডি কোড অনুসরণে প্রাক্কলন অনুমোদন।
- উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্যান্য কাজ সম্পাদন করা।

৪.২.৩.২ নির্বাহী প্রকৌশলী (জরীপ, অনুসন্ধান ও গবেষণা বিভাগ) (S.I. R. Division)

তিনি তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ফিজিবিলিটি স্টাডি এন্ড ডিজাইন সার্কেল) এর নিকট তাঁর সকল কর্মকাণ্ডের জন্য দায়ী থাকবেন এবং তাঁর দিক নির্দেশনা মোতাবেক ও নিম্নবর্ণিত কার্যাবলী সম্পাদন করবেন।

- টেকনিক্যাল কমিটির সদস্য সচিব হিসাবে বিভিন্ন কারিগরি সমস্যা নিরসনে অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পরিকল্পনা)/ উর্ধ্বতন কর্তৃপক্ষকে সহায়তা করা।
- পানি সরবরাহ ও স্যানিটেশন কর্মসূচী পরিকল্পনা এবং প্রকল্প তথ্যাদি প্রণয়ণের জন্য প্রয়োজনীয় তথ্যাদি সুষ্ঠু ব্যবস্থাপনা করা।
- বাস্তবায়িত কার্যক্রম, বর্তমান অবস্থা এবং ভবিষ্যৎ কার্যক্রম প্রতিফলিত থাকে।
- অর্পিত আর্থিক ক্ষমতা অনুযায়ী পিডব্লিউডি কোড অনুসরণে প্রাক্কলন অনুমোদন করা।
- এই বিভাগের সহিত জড়িত নিয়মিত কার্যক্রম সম্পাদন করা।
- উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্যান্য কাজ সম্পাদন করা।

৪.৩ অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পানি সম্পদ)

তিনি নিম্নে বর্ণিত কার্যাবলী সম্পাদন করবেন এবং প্রধান প্রকৌশলীর নিকট সকল কর্মকাণ্ডের জন্য দায়ী থাকবেন:

- অধিদপ্তরের পানি সম্পদ উন্নয়ন/ব্যবস্থাপনা সম্পর্কিত কাজে মুখ্য দায়িত্ব পালন।
- পানি সম্পদ উন্নয়ন সম্পর্কিত গবেষণামূলক প্রকল্পের পরিকল্পনা গ্রহণে অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পরিকল্পনা) কে সার্বিক সহায়তা প্রদান এবং তা বাস্তবায়ন ও অর্জিত ফলাফলের ভিত্তিতে দীর্ঘ মেয়াদী পরিকল্পনা গ্রহণে সুনির্দিষ্ট প্রস্তাব প্রণয়ন।
- পানির গুণগত মান পরিবীক্ষণ ও পর্যবেক্ষণ সংশ্লিষ্ট কার্যাবলী সুষ্ঠুভাবে পরিচালনার জন্য দিক নির্দেশনা প্রদান ও এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ।
- অধিদপ্তরীয় পানি পরীক্ষাগারগুলির সুষ্ঠু ব্যবস্থাপনা নিশ্চিত করণ।
- পানি সম্পদ উন্নয়ন/ব্যবস্থাপনা সম্পর্কিত কাজের বার্ষিক উন্নয়ন কর্মসূচী প্রণয়ন এবং কার্যক্রম পরিচালনার নিমিত্তে প্রয়োজনীয় আর্থিক ও কারিগরি সহযোগিতার জন্য উন্নয়ন সহযোগী সংস্থার সাথে **Liaison** রক্ষা করা।
- বিভিন্ন সময় জারীকৃত সরকারী প্রজ্ঞাপন, অর্ডিন্যান্স ও এ্যাক্ট অনুযায়ী প্রধান প্রকৌশলীর অনুমোদনক্রমে অধিদপ্তরের কার্যক্রম পরিচালনা করা।
- ডেলিগেশন অব পাওয়ার অনুযায়ী বিভিন্ন প্রকার কাজ/প্রাকল্পন এর কারিগরি/প্রশাসনিক ও আর্থিক অনুমোদন প্রদান।
- অধীনস্থ কর্মকর্তা/কর্মচারী এবং কার্যালয় সমূহের উপর প্রশাসনিক নিয়ন্ত্রণ।
- এই বিভাগের সাথে জড়িত নিয়মিত কার্যক্রম সম্পাদন করা।
- উপরোক্ত কার্যাবলী ছাড়াও প্রধান প্রকৌশলী কর্তৃক সময়ে সময়ে প্রদেয় অন্যান্য দায়িত্ব পালন।

৪.৩.১ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (গ্রাউন্ড ওয়াটার সার্কেল)

তিনি নিম্নবর্ণিত কার্যাবলী সম্পাদন করবেন এবং অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পানি সম্পদ) এর নিকট তাঁর সকল কর্মকাণ্ডের জন্য দায়ী থাকবেন:

- ভূ গর্ভস্থ পানির স্থিতি তল পর্যবেক্ষণ ও পরিবীক্ষণ (**Ground Water Level Observation & Monitoring**).
- পানি সরবরাহ ও স্যানিটেশন সম্পর্কিত গবেষণা ও উন্নয়ন **Protocol** প্রণয়ন।
- ভূ গর্ভস্থ পানিতে আর্সেনিকসহ অন্যান্য ক্ষতিকারক পদার্থের উপস্থিতি নিরূপণকল্পে তথ্য উপাত্ত সংগ্রহ এবং সংরক্ষণ ও বিশ্লেষণের লক্ষ্যে ডাটাবেইজ প্রণয়ন।
- ভূ গর্ভস্থ পানির **Aquifer Mapping**.
- ভূ গর্ভস্থ পানি আহরণে **Technological Mapping**.
- পানির উৎস চিহ্নিত করণ।
- পানি সরবরাহ ও স্যানিটেশন সংশ্লিষ্ট উন্নয়নে বিভিন্ন পদ্ধতির (**Option**) তুলনামূলক উপযোগিতা প্রণয়ন।
- পানি সরবরাহ ও স্যানিটেশন উন্নয়ন সংশ্লিষ্ট অবকাঠামো সমূহের ডিজাইন, স্পেসিফিকেশন, কাজের পরিমাণ, তুলনামূলক উপযোগিতা ইত্যাদি প্রণয়ন।
- আর্সেনিক মুক্ত নিরাপদ পানি প্রাপ্তির লক্ষ্যে কর্ম পরিকল্পনা ও বাস্তবায়ন কৌশল প্রণয়ন।
- আর্সেনিক সমস্যার মোকাবেলায় গৃহীত/গৃহীতব্য সকল কার্যক্রমের অধিদপ্তরের কেন্দ্রীয় সমন্বয়কের দায়িত্ব পালন এবং এ বিষয়ে সংশ্লিষ্ট অন্যান্য দপ্তর/সংস্থার সাথে যোগাযোগ রক্ষা।

ভূ গর্ভস্থ ও ভূ উপরিস্থ পানির সমন্বিত ব্যবহারের (**Conjunctive Use of Ground and Surface Water**) উপযোগিতা নির্ণয়ের জন্য প্রয়োজনীয় গাণিতিক মডেল (**Mathematical Model**) প্রণয়ন ও বাস্তবায়নে পদক্ষেপ গ্রহণ।

- পানি সরবরাহ ব্যবস্থার বিভিন্ন **Accessories** (পাইপ ও ফিটিংস, নলকূপের পাম্প ও ফিটিংস, মটর পাম্প, ইলেকট্রিক্যাল সরঞ্জামাদি) ইত্যাদি বিষয়ে অধিদপ্তরের জন্য একটি মান মাত্রা (**Standards**) নিরূপণ এবং সময়ে সময়ে তা নবায়ন/পরিমার্জন বা সংশোধন করণ।
- ভূ-গর্ভস্থ পানির স্তর নির্ণয়ে সমগ্র দেশে ড্রিলিং কার্যক্রম পরিচালনা এবং সম্ভাব্যতা ও জরীপ সার্কেলকে প্রয়োজনীয় সহায়তা প্রদান।
- উৎপাদক নলকূপের ডিজাইন অনুমোদন।
- খাবার পানির জন্য জাতীয় মানমাত্রা নিরূপণ/উন্নয়ন।
- ডেলিগেশন অব পাওয়ার অনুযায়ী বিভিন্ন প্রকার কাজ/প্রাক্কলনের কারিগরি/প্রশাসনিক ও আর্থিক অনুমোদন প্রদান।
- সার্কেলাধীন অফিস সমূহের অভ্যন্তরীণ অডিট পরিচালনা।
- অধীনস্থ কর্মকর্তা/কর্মচারী এবং কার্যালয় সমূহের উপর প্রশাসনিক নিয়ন্ত্রণ।
- বিভাগীয় প্রধান হিসেবেও দায়িত্ব পালন করা।
- উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে প্রদেয় অন্যান্য দায়িত্ব পালন।

৪.৩.১.১ নির্বাহী প্রকৌশলী (বৈদ্যুতিক ও যান্ত্রিক বিভাগ)

তিনি তত্ত্বাবধায়ক প্রকৌশলী (গ্রাউন্ড ওয়াটার সার্কেল) এর নিকট তার সকল কর্মকাণ্ডের জন্য দায়ী থাকবেন এবং তাঁর দিক নির্দেশনা মোতাবেক ও নিম্নবর্ণিত কার্যাবলী সম্পাদন করবেন:

- বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় চাহিদা অনুযায়ী পাম্পিং যন্ত্রপাতি/ বৈদ্যুতিক সরঞ্জামাদি ক্রয় সংক্রান্ত বিষয়ে তত্ত্বাবধায়ক প্রকৌশলীকে সহায়তা করা।
- পাম্পিং যন্ত্রপাতি স্থাপন করা এবং পাম্পিং যন্ত্রপাতি/ বৈদ্যুতিক সরঞ্জামাদি ক্রয় এবং স্থাপন সংক্রান্ত প্রাক্কলন প্রস্তুত টেন্ডার ডকুমেন্ট এবং কার্যাদেশ প্রদান করা।
- প্রচলিত পদ্ধতি অনুসরণে পাম্পিং মেশিনারি মেরামত এবং রক্ষণাবেক্ষণ করা। উৎপাদক নলকূপের পাম্প টেস্ট করা এবং মাসিক হিসাব সংরক্ষণ করা।
- তার আওতাধীন ভাণ্ডারের ডেরিফিকেশন করা।
- অর্পিত আর্থিক ক্ষমতা ও পিডব্লিউডি কোড অনুসরণে প্রাক্কলন অনুমোদন করা।
- উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্যান্য কাজ সম্পাদন করা।

৪.৩.১.২ নির্বাহী প্রকৌশলী (গ্রাউন্ড ওয়াটার বিভাগ)

তিনি তত্ত্বাবধায়ক প্রকৌশলী (গ্রাউন্ড ওয়াটার সার্কেল) এর নিকট তাঁর সকল কর্মকাণ্ডের জন্য দায়ী থাকবেন এবং তাঁর দিক নির্দেশনা মোতাবেক ও নিম্নবর্ণিত কার্যাবলী সম্পাদন করবেন:

- শহর এলাকায় পানি সরবরাহ ব্যবস্থাধীন পুরাতন উৎপাদক নলকূপগুলি পুনরুজ্জীবিত করণের ব্যবস্থা গ্রহণ করা।
- উৎপাদক নলকূপের পাম্পিং টেস্ট পরিচালনা করা।
- শহর এলাকায় পানির সঠিক পানির স্তর (**Water Level**) নির্ধারণের জন্য নলকূপের **Exploratory drilling** এর ব্যবস্থা করা।
- উৎপাদক নলকূপের বিস্তারিত ডিজাইন প্রস্তুত করা।
- উৎপাদক নলকূপের পাম্প নির্বাচন করা।
- শহর এলাকায় পানি সরবরাহ ব্যবস্থার জন্য উৎস নির্বাচন করা।
- এই বিভাগের উপর অর্পিত উন্নয়ন প্রকল্পের বার্ষিক উন্নয়ন কর্মসূচী প্রস্তুত করা এবং মাসিক অগ্রগতির প্রতিবেদন দাখিল করা।
- আয়ন ও ব্যয়ন কর্মকর্তা হিসাবে কাজ করা।
- নির্মাণাধীন উৎপাদক নলকূপের তত্ত্বাবধান করা।

- উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্যান্য কাজ সম্পাদন করা।

৪.৩.১.৩ নির্বাহী প্রকৌশলী (আর্সেনিক ম্যানেজমেন্ট বিভাগ)

তিনি তত্ত্বাবধায়ক প্রকৌশলী (গ্রাউন্ড ওয়াটার সার্কেল) এর নিকট তাঁর সকল কর্মকাণ্ডের জন্য দায়ী থাকবেন এবং তাঁর দিক নির্দেশনা মোতাবেক ও নিম্নবর্ণিত কার্যাবলী সম্পাদন করবেন:

- আর্সেনিক দূষণ সংশ্লিষ্ট গবেষণা ও উন্নয়ন কার্যক্রমের ব্যবস্থাপনা।
- ভূ-গর্ভস্থ বিভিন্ন পানিবাহী স্তরে আর্সেনিক উপস্থিতির বিষয়ে তথ্য সংগ্রহ, সংরক্ষণ ও তথ্য ব্যবস্থাপনা।
- আর্সেনিকমুক্ত পানি সরবরাহের ক্ষেত্রে বিকল্প পানির উৎসের কার্যকারিতা সম্পর্কিত তথ্য সংগ্রহ ও ব্যবস্থাপনা।
- আর্সেনিক দূষণযুক্ত এলাকায় নিরাপদ পানি সরবরাহের কর্মপরিকল্পনা প্রণয়ন ও সমন্বয়।
- আর্সেনিক দূষণ রোধে উদ্ভাবিত নতুন নতুন প্রযুক্তির উপযোগিতা পরীক্ষামূলকভাবে (Piloting) মাঠ পর্যায়ে যাচাই।
- আর্সেনিক দূষণ ও তার ক্ষতিকারক দিক সম্পর্কে জনগণের সচেতনতা বৃদ্ধিকল্পে কর্মসূচী প্রণয়ন।
- আর্সেনিক আক্রান্ত রোগীর তথ্য স্বাস্থ্য অধিদপ্তরের সাথে আদান-প্রদান।
- উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে প্রদেয় অন্যান্য দায়িত্ব পালন।

৪.৩.২ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ওয়াটার কোয়ালিটি মনিটরিং এন্ড সার্ভিল্যান্স সার্কেল)

তিনি নিম্নবর্ণিত কার্যাবলী সম্পাদন করবেন এবং অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পানি সম্পদ) এর নিকট তাঁর সকল কর্মকাণ্ডের জন্য দায়ী থাকবেন:

- তিনি সমগ্র দেশের পানির গুণাগুণ পরীক্ষণ ও পরিবীক্ষণ কাজের তত্ত্বাবধায়নে সার্বিক সহযোগিতা প্রদান করবেন।
- ভূ-গর্ভস্থ পানিতে আর্সেনিকসহ অন্যান্য ক্ষতিকারক পদার্থের উপস্থিতি নিরূপণকল্পে তথ্য উপাত্ত সংগ্রহ এবং সংরক্ষণ ও বিশ্লেষণের লক্ষ্যে ডাটাবেইজ প্রণয়ন।
- আঞ্চলিক পানি পরীক্ষাগারগুলির সুষ্ঠু ব্যবস্থাপনা নিশ্চিত করণ।
- বিভাগীয় প্রধান হিসেবেও দায়িত্ব পালন করা।
- উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে প্রদেয় অন্যান্য দায়িত্ব পালন।

৪.৪ অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পূর্ত):

তিনি নিম্নে বর্ণিত কার্যাবলী সম্পাদন করবেন এবং প্রধান প্রকৌশলীর নিকট সকল কর্মকাণ্ডের জন্য দায়ী থাকবেন:

- অধিদপ্তরের পূর্ত সম্পর্কিত কাজে মুখ্য দায়িত্ব পালনকরত প্রধান প্রকৌশলীকে পূর্ত সংক্রান্ত কাজে সার্বিকভাবে সহায়তা করা।
- বিভাগীয় পর্যায়ের পূর্ত কাজের তদারকি করা সহ মুখ্য নিয়ন্ত্রকের ভূমিকা পালন করা।
- বিভিন্ন সময় জারীকৃত সরকারী প্রজ্ঞাপন, অর্ডিন্যান্স ও এ্যাক্ট অনুযায়ী প্রধান প্রকৌশলীর অনুমোদনক্রমে অধিদপ্তরের পূর্ত কার্যক্রম পরিচালনা করা।
- ডেলিগেশন অব পাওয়ার অনুযায়ী বিভিন্ন প্রকার কাজ/প্রাক্কলন এর কারিগরি/প্রশাসনিক ও আর্থিক অনুমোদন প্রদান।
- অধীনস্থ কর্মকর্তা/কর্মচারী এবং কার্যালয় সমূহের উপর প্রশাসনিক নিয়ন্ত্রণ।

- বিভাগীয় প্রধান হিসেবেও দায়িত্ব পালন করা।
- উপরোক্ত কার্যাবলী ছাড়াও প্রধান প্রকৌশলী কর্তৃক সময়ে সময়ে প্রদেয় অন্যান্য দায়িত্ব পালন।

8.8.1 তত্ত্বাবধায়ক প্রকৌশলী (মাঠ পর্যায়ের সার্কেল)

তিনি নিম্নে বর্ণিত কার্যাবলী সম্পাদন করবেন এবং অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পূর্ত) এর নিকট তার সকল কর্মকাণ্ডের জন্য দায়ী থাকবেন:

- সার্কেলভূক্ত বার্ষিক উন্নয়ন কর্মসূচী সুষ্ঠুভাবে বাস্তবায়ন তদারক করা। এ উদ্দেশ্যে অধীনস্থ লোকবল, বরাদ্দকৃত তহবিল ও অন্যান্য সম্পদের সুষ্ঠু প্রশাসনিক ব্যবস্থাপনা ও আর্থিক নিয়ন্ত্রণ নিশ্চিত করা।
